গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
কুমিল্লা সরকারি কলেজ
পুলিশ লাইন, কুমিল্লা।
টেলিফোন: ০৮১-৬৮৪১৩ (অধ্যক্ষ) ০৮১-৬৫৯৬৮ (অফিস)
ই-মেইল: comillacollegebd@yahoo.com, ওয়েবসাইট: www.cgcc.edu.bd
কলেজ কোড: শিক্ষা মন্ত্রণালয়-০১১১, জাতীয় বিশ্ববিদ্যালয়-৩৭০২, কুমিল্লা শিক্ষা বোর্ড-৭৭৭৫, EIIN : ১০৫৮২৪

তারিখ ঃ ২৭/০৭/২০২৫

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির বিজ্ঞপ্তি

কুমিল্লা সরকারি কলেজের EIIN নাম্বার 105824

কুমিল্লা সরকারি কলেজে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিচ্ছুক শিক্ষার্থীদের অনলাইনের মাধ্যমে আবেদন করতে হবে। অনলাইনে আবেদনের জন্য ওয়েবাসাইট এর ঠিকানা: **https://esvg.xiclassadmission.gov.bd/**

শিক্ষার্থীরা শুধু অনলাইনে আবেদন করতে পারবে। অনলাইনে আবেদনের ক্ষেত্রে ২২০/- (দুইশত বিশ) টাকা আবেদন ফি জমা সাপেক্ষে আবেদন করতে পারবে।

১। আবেদনের যোগ্যতা ও শাখা নির্বাচন-

১.১ ২০২৩, ২০২৪, ২০২৫ সালে দেশের যে কোন শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে এস.এস.সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ একাদশ শ্রেণিতে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

আবেদন করার জন্য ন্যূনতম জিপিএ: বিজ্ঞান- ৫.০০, মানবিক- ৪.০০, ব্যবসায় শিক্ষা-৪.০০

১.২ বিদেশী কোন বোর্ড বা অনুরূপ কোন প্রতিষ্ঠান হতে সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, ঢাকা কর্তৃক তার সনদের মান নির্ধারণের পর দফা (১.১) এর অধীনে আবেদন করার যোগ্য বিবেচিত হবে।

১.৩ ভর্তির জন্য একজন শিক্ষার্থী নিম্নরূপ শাখা নির্বাচন করতে পারবে ঃ-

(ক) বিজ্ঞান গ্রুপ থেকে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপ এর যে কোন একটি;

(খ) মানবিক গ্রুপ থেকে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপ এর যে কোন একটি এবং

(গ) ব্যবসায় শিক্ষা গ্রুপ থেকে উত্তীর্ণ শিক্ষার্থী ব্যবসায় শিক্ষা ও মানবিক গ্রুপ এর যে কোন একটি ।

ভর্তির জন্য কোন বাছাই বা ভর্তি পরীক্ষা গ্রহণ করা হবে না। কেবল শিক্ষার্থীর এস.এস.সি বা সমমান পরীক্ষার ফলের ভিত্তিতে ভর্তি করা হবে।

২। আসন সংখ্যা-

বিজ্ঞান- ৩৫০ টি	মানবিক- ৩৫০টি	ব্যবসায় শিক্ষা- ৩৫০টি

৩। ভর্তির কোটা-

ভর্তির ক্ষেত্রে ৯৩% আসন সকলের জন্য উন্মুক্ত থাকবে যা মেধার ভিত্তিতে নির্বাচন করা হবে। শিক্ষা মন্ত্রণালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের জন্য ১% এবং অধীনস্থ দপ্তর/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের ক্ষেত্রে ১% সহ মোট ২% আসন মহানগর, বিভাগীয় ও জেলা সদরের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির জন্য নূন্যতম যোগ্যতা থাকা সাপেক্ষে সংরক্ষিত থাকবে। মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার ভর্তির জন্য ৫% আসন সংরক্ষিত থাকবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের আসন নির্ধারণের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রমাণপত্র/গেজেটের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে এবং ভর্তির সময় মূল কপি প্রদর্শন করতে হবে।

৪। ভর্তির আবেদন, ফল প্রকাশ, ভর্তি ও ক্লাস শুরু:

ক্রমিক	বিষয়	তারিখ
১	ভর্তির জন্য অনলাইনে আবেদন গ্রহণ (যারা পুনঃ নিরীক্ষণের জন্য আবেদন করবে, আবেদনের যোগ্য হলে তাদেরও এই সময়ের মধ্যে আবেদন করতে হবে) ****অনলাইনে আবেদনগুলো শিক্ষার্থীর পছন্দক্রম অনুযায়ী অটো মাইগ্রেশন প্রযোজ্য।**	**৩০/০৭/২০২৫ (বুধবার) থেকে ১১/০৮/২০২৫ (সোমবার)**
২	আবেদন যাচাই, বাছাই ও আপত্তি নিষ্পত্তি	**১২/০৮/২০২৫ (মঙ্গলবার)**
৩	শুধুমাত্র পুনঃনিরীক্ষণে ফলাফল পরিবর্তিত শিক্ষার্থীদের আবেদন গ্রহণ	**১৩/০৮/২০২৫ (বুধবার) থেকে ১৪/০৮/২০২৫ (বৃহস্পতিবার)**
৪	পছন্দক্রম পরিবর্তনের সময়	**১৫/০৮/২০২৫ (শুক্রবার)**
৫	১ম পর্যায়ে নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ	**২০/০৮/২০২৫ (বুধবার রাত ৮:০০ টায়)**
৬	শিক্ষার্থীর নির্বাচন নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ১ম পর্যায়ের নির্বাচন এবং আবেদন বাতিল হবে এবং তাকে পুনরায় ফিসহ আবেদন করতে হবে)	**ফল প্রকাশের পর থেকে ২২/০৮/২০২৫ (শুক্রবার রাত ০৮:০০ টা পর্যন্ত)**
৭	২য় পর্যায়ে আবেদন গ্রহণ	**২৩/০৮/২০২৫ (শনিবার) থেকে ২৫/০৮/২০২৫ (সোমবার রাত ৮:০০ টা পর্যন্ত)**
৮	পছন্দক্রম অনুযায়ী ১ম মাইগ্রেশনের ফল প্রকাশ	**২৮/০৮/২০২৫ (বৃহস্পতিবার রাত ৮:০০ টায়)**
৯	২য় পর্যায়ের আবেদনের ফল প্রকাশ	**২৮/০৮/২০২৫ (বৃহস্পতিবার রাত ৮:০০ টায়)**
১০	২য় পর্যায়ের শিক্ষার্থীর নির্বাচন নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ২য় পর্যায়ের নির্বাচন এবং আবেদন বাতিল হবে এবং তাকে পুনরায় ফিসহ আবেদন করতে হবে)	**২৯/০৮/২০২৫ (শুক্রবার) থেকে ৩০/০৮/২০২৫ (শনিবার রাত ৮:০০ টা পর্যন্ত)**
১১	৩য় পর্যায়ে আবেদন গ্রহণ	**৩১/০৮/২০২৫ (রবিবার) থেকে ০১/০৯/২০২৫(সোমবার)**
১২	পছন্দক্রম অনুযায়ী ২য় মাইগ্রেশনের ফল প্রকাশ	**০৩/০৯/২০২৫ (বুধবার রাত ৮:০০ টায়)**
১৩	৩য় পর্যায়ের আবেদনের ফল প্রকাশ	**০৩/০৯/২০২৫ (বুধবার রাত ৮:০০ টায়)**
১৪	৩য় পর্যায়ের শিক্ষার্থীর নির্বাচন নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ৩য় পর্যায়ের নির্বাচন এবং আবেদন বাতিল হবে)	**০৪/০৯/২০২৫ (বৃহস্পতিবার রাত ৮:০০ টা পর্যন্ত)**
১৫	সর্বশেষ মাইগ্রেশনের ফল প্রকাশ	**০৫/০৯/২০২৫ (শুক্রবার)**
১৬	**ভর্তি**	**০৭/০৯/২০২৫ (রবিবার) থেকে ১৪/০৯/২০২৫ (রবিবার)**
১৭	**ক্লাস শুরু**	**১৫ সেপ্টেম্বর, ২০২৫ (সোমবার)**

***** উল্লেখ্য অনলাইন ব্যতীত ম্যানুয়ালি কোন ভর্তি কার্যক্রম করা হবে না।**

বি:দ্রঃ যে সকল শিক্ষার্থী কলেজ কর্তৃক নির্ধারিত ইউনিফর্ম পরিধান, কলেজ আইডি ব্যবহার ও নিয়মিত ক্লাস করতে অনাগ্রহী এবং যারা ধূমপায়ী তাদের আবেদন করার প্রয়োজন নেই।

২৭.০৭.২৫
প্রফেসর মোঃ নূরুর রহমান খান-৩০৫১
অধ্যক্ষ
কুমিল্লা সরকারি কলেজ, কুমিল্লা

২৭/০৭/২৫
মোহাম্মদ মিজানুর রহমান-১৫৬২০
সহযোগী অধ্যাপক, দর্শন
আহবায়ক, ২০২৫-২৬ শিক্ষাবর্ষে উচ্চমাধ্যমিক ভর্তি কমিটি
কুমিল্লা সরকারি কলেজ, কুমিল্লা